

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (প্রথম সভা)

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২০ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	দুপুর ৩.০০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, করোনার প্রকোপ কিছুটা কমলেও সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাফেরা করতে হবে। সভায় ইজারাপ্রত্যাশী ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার/উত্তমচর্চা অপরিহার্য। তাইতো, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভা অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.০ আলোচনা

বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে অনলাইনে ০৫ টি কোয়ারি ইজারা প্রদান করা হয়েছে। বিএমডি কর্তৃক অভ্যন্তরীণ ই-সেবার অংশ হিসাবে একটি ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি করা হয়। এর ফলে নাগরিক কর্তৃক খনিজ সম্পদ সংক্রান্ত তথ্য এক নজরে ও সহজেই জানা সম্ভব হচ্ছে। দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুষম ব্যবহার ও উত্তোলন ব্যবস্থাপনা আরও আধুনিকায়নের জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছে। উত্তম চর্চা অংশ হিসেবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে খনি কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডির সার্বিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে যে কোন অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। ইজারা প্রত্যাশীদের উদ্দেশ্যে জানানো হয় যে, সেবা প্রাপ্তিতে কোন অভিযোগ থাকলে তারা ম্যানুয়ালি অথবা অনলাইন যে কোন পদ্ধতিতেই আবেদন করতে পারেন। সিটিজেন চার্টারের উল্লেখিত সেবাসমূহ অনলাইন জিআএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

N.A.

মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৩৬৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮

২৮ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৭) ইজারাপ্রত্যাশী (সকল) জনাব.....;
- ৮) পি.এ টু মহাপরিচালক, বিএমডি, ঢাকা;
- ৯) অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)